

আমতলী ইউনুস আলী খান কলেজ

**অধ্যক্ষের বিরুদ্ধে
দুর্নীতির অভিযোগ**

আমতলী থেকে নিজস্ব সংবাদদাতা : আমতলী উপজেলার ইউনুস আলী খান কলেজের প্রতিষ্ঠাতা ও অধ্যক্ষ এ. কে. এম. ইউনুস আলীর বিরুদ্ধে কলেজ শিক্ষক-কর্মচারীরা অনিয়ম, দুর্নীতি ও অসদাচরণের অভিযোগ এনে উপজেলা নির্বাহী অফিসারের কাছে আবেদন করেছেন। কলেজ প্রতিষ্ঠাতা আসল ঘটনা ধামাচাপা দেয়ার অপতৎপরতা চালানোর পাশাপাশি অভিযোগকারীদের একহাত দেখিয়ে দেয়ার ছমকিই শুধু দেননি, সাধারণ কর্মচারীদের লাঞ্ছিত করার ঘটনাও ঘটিয়েছেন। এ নিয়ে কলেজ ক্যাম্পাসে রীতিমতো উত্তেজনা চলছে।